



মুগাভর

ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনে মঙ্গলবার ঘটনা-দুর্ঘটনায় ছাত্র প্রতিক্রিয়া শীর্ষক আলোচনা সভায় বক্তৃতা করছেন অধ্যাপক এমাজউদ্দীন আহমদ

আলোচনা সভায় বক্তারা

## সরকারকে ছাত্রদের সঙ্গে নিবিড় সম্পর্ক প্রতিষ্ঠা করতে হবে

মুগাভর রিপোর্ট

'ঘটনা-দুর্ঘটনায় ছাত্র প্রতিক্রিয়া' শীর্ষক আলোচনা সভায় বক্তারা বলেছেন; সরকারগুলো ছাত্রদের সঙ্গে গভীর সম্পর্ক গড়ে তুলতে পারেনি বলে বিভিন্ন ঘটনা-দুর্ঘটনায় ছাত্ররা ধ্বংসাত্মক প্রতিক্রিয়া ব্যক্ত করে। এ অবস্থা থেকে রেহাই পেতে হলে সরকারকে ছাত্রদের সঙ্গে নিবিড় সম্পর্ক প্রতিষ্ঠা করতে হবে। তারা বলেন, ছাত্রদের মধ্যে এমন উপলব্ধি করতে হবে, যাতে তারা বোঝে যে জিনিসটা ধ্বংস করছে তা তাদের নিজেদের। মঙ্গলবার সকালে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনে সাতাহিক ইকোনমিক টাইমস আয়োজিত আলোচনা সভায় বক্তারা এসব কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিপি ডি. এমাজউদ্দীন আহমদের সভাপতিত্বে আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা রাখেন স্বরাষ্ট্র সচিব আবদুল করিম, জাতীয় প্রেস ক্লাবের সভাপতি এবং ইকোনমিক টাইমসের সম্পাদক শওকত মাহমুদ, প্রথম আলোর মুগা সম্পাদক আবদুল কাইয়ুম এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগের ছাত্র মাসুদুর রহমান। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. গোলাম মাওলা প্রবন্ধ উপস্থাপন করেন। এমাজউদ্দীন

আহমদ বলেন, উপনিবেশ-পরবর্তী দেশগুলোতে এ ধরনের ঘটনা ঘটে। একটি তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে অথবা ঘটনার কারণ যাই হোক ছাত্ররা ধ্বংসাত্মক কর্মকাণ্ড চালায়। এর কারণ হল উপনিবেশ-পরবর্তী দেশগুলো যেমন—বাংলাদেশ পাকিস্তান এবং আরও অন্যান্য দেশ এখনও উন্নত অবস্থায় যেতে পারেনি। তাছাড়া ছাত্র-শ্রমিক হয়েছে উপেক্ষিত। সরকারগুলো ছাত্র ও শ্রমিকদের সঙ্গে একাত্মতা প্রতিষ্ঠা করতে পারেনি। তিনি বলেন, আইনের প্রতি শ্রদ্ধাশীল করার কোন চেষ্টা হয়নি। এজন্য আইনের প্রতি শ্রদ্ধাশীল জাগ্রত করা যতক্ষণ না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এ থেকে রেহাই পাওয়া দুর্বোধ্য। আইন

নিয়োজিতদের এ বিষয়গুলো খুঁজে বের করা সরকার বলে মনে করেন।

বিভিন্ন আন্দোলন-সংগ্রামে ছাত্রদের গৌরবোচ্চ ভূমিকার কথা উল্লেখ করে স্বরাষ্ট্র সচিব আবদুল করিম কোন প্রতিক্রিয়া যেন শীঘ্র লংঘন না করে তার অনুরোধ করেন। শওকত মাহমুদ বলেন, একটি দুর্ঘটনার জন্য ছাত্ররা যে ধ্বংসাত্মক কর্মকাণ্ড চালায় তার জন্য সবাই দায়ী।

মাসুদুর রহমান বলেন, পত্রপত্রিকায় ছাত্রদের নেতিবাচক দিকগুলো তুলে ধরা হয়। কিন্তু ছাত্ররা যে ভালো কাজ করছে তা পত্রিকায় আসে না।